

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কালিগঞ্জ, সাতক্ষীরা।

স্মারক নং-৩২.০১.৮৭৪৭.০০০.২৯.০৫২.২৬-১৩

তারিখ : ১২/০৫/২০২৬খ্রি:

বিষয় : শিশু সুরক্ষা কমিউনিটি হবে নব নিযুক্ত কমিউনিটি ফ্যাসিলিটেটর ও পিয়ার লিডারদের ০২ (দুই) দিন ব্যাপি প্রশিক্ষণে অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও ইউনিসেফ এর আর্থিক সহায়তায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাব্যয়ীন ইউনিসেফ সাহায্যপুষ্ট প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে "Prevention of Violence and Harmful Practices Against Children and Women in Bangladesh (PVHP)" শীর্ষক প্রকল্পের আওতায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কালিগঞ্জ, সাতক্ষীরা উপজেলায় স্থাপিত ০৫(পাঁচ)টি শিশু সুরক্ষা কমিউনিটি হাব পরিচালনার নিমিত্তে প্রকল্প পরিচালক, PVHP প্রকল্প, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা মহোদয়ের সদয় নির্দেশনার আলোকে আগামী ১৯/০৫/২০২৬খ্রিঃ এবং ২০/০৫/২০২৬খ্রিঃ তারিখ ০২ (দুই) দিন ব্যাপি ২০২৬ সালে নব নিযুক্ত (নতুনভাবে ২০২৬ সালে নিয়োগপ্রাপ্ত) কমিউনিটি ফ্যাসিলিটেটর ও পিয়ার লিডারদের অংশগ্রহণে নয়নতারা শিশু সুরক্ষা কমিউনিটি হাব, মুকুন্দপুর (সরদার পাড়া), মথুরেশপুর, কালিগঞ্জ, সাতক্ষীরা শিশু সুরক্ষা কমিউনিটি হাবে সকাল ০৯-০০ ঘটিকা হতে বিকাল ০৫-০০ ঘটিকা পর্যন্ত দৈনিক ০৮ (আট) ঘন্টা হারে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। বর্ণিত প্রশিক্ষণে যথাসময়ে উপস্থিত থেকে প্রশিক্ষণ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১২/০৫/২০২৬
(অর্ণা চক্রবর্তী)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কালিগঞ্জ, সাতক্ষীরা।

প্রাপক :

- (১) কমিউনিটি ফ্যাসিলিটেটর (সকল). শিশু সুরক্ষা কমিউনিটি হাব.... . . . কালিগঞ্জ, সাতক্ষীরা।
- (২) পিয়ার লিডার (সকল). শিশু সুরক্ষা কমিউনিটি হাব.... . . . কালিগঞ্জ, সাতক্ষীরা।

সদর জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। প্রকল্প পরিচালক, PVHP প্রকল্প, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
- ০২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সাতক্ষীরা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
- ০৪। চাইল্ড রাইটস্ অফিসার (সিআরও), PVHP প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, সাতক্ষীরা।
- ০৫। কমিউনিটি হাব অরগানাইজার (সিএইচও), উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কালিগঞ্জ, সাতক্ষীরা (প্রশিক্ষণ ভেন্যু প্রস্তুত রাখাসহ নতুনভাবে নিয়োগপ্রাপ্ত সকল কমিউনিটি ফ্যাসিলিটেটর ও পিয়ার লিডারগণকে যথাসময়ে প্রশিক্ষণ ভেন্যুতে উপস্থিতির বিষয়টি নিশ্চিতকরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)।
- ০৬। অফিস কপি।